



স্মারক নং: রুয়েট/জস/৫৫/২০২৩

তারিখঃ ১০ অক্টোবর ২০২৩ খ্রিঃ

সংবাদ বিজ্ঞপ্তি

প্রকৌশলীদের চতুর্থ শিল্প বিপ্লব বাস্তবায়নে নেতৃত্ব দিতে হবে

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) সকল গবেষক ও শিক্ষার্থীদের চতুর্থ শিল্প বিপ্লবের উপযোগী হয়ে নিজেদের প্রস্তুত করতে হবে। তবেই প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা সহজতর হয়ে উঠবে।

আজ মঙ্গলবার সকালে রুয়েটের অধীনে পরিচালিত ২০২২-২০২৩ অর্থবছরের গবেষণা প্রকল্পসমূহের চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপনের জন্য আয়োজিত সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম এ কথা বলেন। গবেষণা ও সম্প্রসারণ দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. ফারুক হোসেনের সভাপতিত্বে এই অনুষ্ঠানে বক্তব্য রাখেন তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. মো. রবিউল ইসলাম, যন্ত্রকৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. মো. রোকনুজ্জামান, ফলিত বিজ্ঞান ও মানবিক অনুষদের ডীন অধ্যাপক ড. মো. সাজ্জাদ হোসেন।

উদ্বোধনী অনুষ্ঠানের পর ৫৯ জন গবেষক দিনব্যাপী টেকনিক্যাল সেশনে তাদের চূড়ান্ত গবেষণা প্রতিবেদন উপস্থাপন করেন। অত্যন্ত সফলভাবে টেকনিক্যাল সেশন শেষে সকল গবেষকদের সাথে চুক্তি সম্পাদন করা হয়। পরে সন্ধ্যায় দিনব্যাপী সেমিনারের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম।

দিনব্যাপী অনুষ্ঠিত এই সেমিনারে বিভিন্ন ইন্সটিটিউটের পরিচালক, বিভাগ, দপ্তর, শাখা প্রধানবৃন্দ, শিক্ষক, গবেষক ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বার্তা প্রেরক

স্বাক্ষরিত/-

উপ-পরিচালক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়